



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০
ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ১৫.১১.২০১৯ খ্রিঃ

ববির আইন বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থীদের স্নাতক (সম্মান) এল.এল.বি সম্পন্ন - বিভাগের পক্ষ থেকে আনুষ্ঠানিক ভাবে উদ্‌যাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থীরা সাফল্যের সাথে তাদের স্নাতক (সম্মান) এল.এল.বি সম্পন্ন করেছে। এ অর্জনকে আনুষ্ঠানিকভাবে উদ্‌যাপন করতে আইন বিভাগের উদ্যোগে অদ্য ১৫ নভেম্বর ২০১৯ তারিখ সন্ধ্যা ৬ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে গ্রাজুয়েশন বক্তা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের জ্যেষ্ঠতম মাননীয় বিচারপতি মোহাম্মদ ইমান আলী। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় বিচারপতি মোহাম্মদ ইমান আলী গ্রাজুয়েশন সম্পন্নকারী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমি মনে করি আপনাদের মধ্যে থেকে কেউ ভালো বিচারক হবেন, কেউ ভালো আইনজ্ঞ হবেন, আবার কেউবা আইন পড়ে অন্য কোন পেশায় যাবেন। একটা বিষয় মনে রাখবেন আপনি যে পেশায়ই জাননা কেন আপনাকে পড়তে হবে, পড়ার এবং জানার কোন বিকল্প নেই। আপনাকে একজন ভালো মানুষ হিসেবে প্রতিষ্ঠিত হতে হলে বেশি বেশি পড়তে হবে। কেননা যত পড়বেন, ততই শিখবেন। আপনি যেখানেই যাননা কেন কাজের প্রতি দায়িত্ববান হতে হবে এবং ন্যায্য, নিষ্ঠা ও সততার সহিত কাজ করতে হবে। তাহলেই আপনি একজন ভালো মানুষ হিসেবে গড়ে উঠবেন। সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জীবনে সফল হতে হলে ৪টি বিষয় মেনে চলা প্রয়োজন। ১. সময়কে মেনে চলা ২. নিয়মের মধ্যে থাকা ৩. হতাশ না হওয়া এবং ৪. সৎ থাকা। এগুলো মেনে চললে জীবনে সফলতা লাভ করা সম্ভব। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন আয়োজনের অভিপ্রায় ব্যক্ত করেন। এছাড়াও অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ববির আইন বিভাগের চেয়ারম্যান সুপ্রভাত হালদার। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী সাবেক অতিরিক্ত এটর্নি জেনারেল এম. কে. রহমান এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল জেলা ও দায়রা জজ মোঃ রফিকুল ইসলাম। আরও বক্তব্য রাখেন আইন বিভাগের ১ম ব্যাচের শিক্ষার্থী তাহমিনা আক্তার মুন। এসময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রভোস্ট, চেয়ারম্যানবৃন্দ, পরিচালক, বিচারকবৃন্দ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, আমন্ত্রিত অতিথিবৃন্দসহ আইন বিভাগের শিক্ষকমন্ডলী ও বিভাগের প্রথম ব্যাচের গ্রাজুয়েশন সম্পন্নকারী শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, আইন বিভাগের প্রথম ব্যাচ থেকে ৫১ জন শিক্ষার্থী স্নাতক (সম্মান) এল.এল.বি. সম্পন্ন করেছেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস